[redacted] ‘[redacted]: [redacted]’ [redacted]

[redacted] ‘[redacted]: [redacted]’ [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted], [redacted], [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [

এদিক্ আওয়াজও নাছোড়বান্দা।

এখান থেকেই মূলত শুরু হয় আফরান নিশো ও মেহজাবীন চৌধুরী অভিনীত বিশেষ নাটক ‘গোলমরিচ’-এর অদ্ভুত গল্পটি। সিএমভি’র ব্যানারে রাজীব আহমেদের চিত্রনাট্যে নাটকটি নির্মাণ করেছেন রুবেল হাসান। এই জুটি এর মধ্যে তুমুল আলোচনায় এসেছে গত বছরের শেষ সুপারহিট নাটক ‘মিস্টার এন্ড মিস চাপাবাজ’ উপহার দিয়ে। সেই ধারাবাহিকতায় ভালোবাসা দিবসকে ঘিরে তাদের উপহার ‘গোলমরিচ’।

নাটকটি সম্পর্কে নির্মাতা রুবেল হাসান বলেন, “সফলতা আগেও পেয়েছি অনেক নাটকে। তবে ‘চাপাবাজ’ সবকিছু ছাপিয়ে গেল। সেই রেশ ধরেই নতুন বছরের বিশেষ কাজ হিসেবে নির্মাণ করেছি ‘গোলমরিচ’। আমাদের ধারণা, এই নাটকটিও দারুণ হিট হবে। কারণ এর গল্প, অভিনয় আর নির্মাণশৈলী- সবকিছুতেই আমরা চেষ্টা করেছি নতুন কিছু করার।”
প্রযোজনা প্রতিষ্ঠান সিএমভি জানায়, ‘গোলমরিচ’ দ্রুতই উন্মুক্ত হবে প্রতিষ্ঠানটির ইউটিউব চ্যানেলে।

মেজাজ হারালেন হৃত্বিক

প্রকাশ্যে বলিউড অভিনেতা হৃত্বিক রোশনকে রেগে যেতে কেউ দেখেছেন কি? উত্তরে কেউ ‘হ্যাঁ’ বলবেন, আবার কেউ বলবেন ‘না’। তবে এবার এমনটাই ঘটেছে।

সম্প্রতি দুই ছেলে রেহান ও হৃদানকে নিয়ে মুম্বাইয়ে এক হাসপাতালে গিয়েছিলেন হৃত্বিক। সেখানেই হাসপাতালের দ্বাররক্ষী হৃত্বিককে ভিতরে ঢুকতে বাধা দেন। আর তাতেই বেজায় চটে যান এই অভিনেতা। সোশ্যাল মিডিয়ায় উঠে এসেছে সেই ভিডিয়ো।

সোশ্যাল মিডিয়ায় উঠে আসা ওই ভিডিওটির নিচে বিভিন্নজনকে কমেন্ট করতে দেখা গেছে। তাতে অবশ্য নেটিজেনরা মিশ্র প্রতিক্রিয়া দিয়েছেন। কেউ লিখেছেন, ”উনি তো শুধুমাত্র জিজ্ঞাসা করেছিলেন, এবং স্যার বলেও সম্বোধন করেন।” কেউ আবার লিখেছেন, ”উনিও মানুষ, তাই মেজাজ হারাতেই পারেন।”

[redacted]!

[redacted]

[redacted]

[redacted]

ফটোশ্যুট থেকে রেডিও শো, সব জায়গাতেই কারিনা সাবলীল।

দ্বিতীয় সন্তানের জন্মের আগে এবার প্রিয় বান্ধবীর জন্মদিনে হাজির হন কারিনা কাপুর খান। প্রিয় বান্ধবীর জন্মদিনে কারিনাকে হাজির হতে দেখেই পাপারাৎজির ক্যামেরা ঝলসে উঠতে শুরু করে।

৩১ জানুয়ারি ৪৩-এ দিলেন বলিউড অভিনেত্রী অমৃতা অরোরা। অমৃতার জন্মদিন উপলক্ষে নিজের প্রিয় গার্লস গ্যাঙের পার্টিতে হাজির হন কারিনা। অমৃতার জন্মদিনের পার্টিতে রংবেংয়ের কাফতান পরে হাজির হন অভিনেত্রী। রবিবার কাফতান পোশাকের সঙ্গে কারিনা যে ক্যাসেট ব্যাগকে নিজের ফ্যাশনের অঙ্গ হিসেবে ব্যবহার করেন, তা দেখে অনেকে ভড়কে যান।

জানা যায়, অমৃতার জন্মদিনের পার্টিতে কারিনা যে ব্যাগ নিয়ে সেখানে হাজির হন, তার দাম কমপক্ষে ২,২০,৯৬৮ রুপি, যা বাংলাদেশি মুদ্রায় ২ লাখ ৫৬ ৫৯৪ টাকা।

গান গেয়ে তোপের মুখে নচিকেতা

কলকাতার জনপ্রিয় সংগীত শিল্পী নচিকেতার ‘আজকে তিনি তেরঙ্গাতে কাল ভক্ত রামে’ গানটি নিয়ে ক্ষেপেছেন বিজেপি। গত শুক্রবার বর্ধমানে পৌর উৎসবে তিনি অতিথি শিল্পী হিসেবে গানটি গেয়েছিলেন।

তার এই গানের কথা নিয়েই মূলত ক্ষুব্ধ বিজেপি কর্মী-সমর্থকরা। সাংস্কৃতিক অনুষ্ঠানের মঞ্চ থেকে দলত্যাগী রাজনৈতিক নেতাদের উদ্দেশে নচিকেতা কটূকথা বলেছেন বলে অভিযোগ।

বিজেপির অভিযোগ, বর্ধমানের এই উৎসব তৃণমূলের উৎসবে পরিণত হয়েছে। সেই মঞ্চ থেকে তৃণমূল কংগ্রেসের বিরোধীদের গালিগালাজ দেওয়া হবে এটাই তো স্বাভাবিক। তাই সেই উৎসব থেকে এই নির্বাচনের মুখে শিল্পীদের দিয়ে উদ্দেশ্যমূলকভাবে গালিগালাজ দেওয়া হচ্ছে।

যদিও তৃণমূল কংগ্রেসের দাবি, এই উৎসব পৌর উৎসব কমিটি পরিচালনা করে। তাছাড়া বর্তমানে পৌরসভায় প্রশাসক রয়েছে। তাই এর সঙ্গে তৃণমূলের কোনো যোগ নেই। বরং বিজেপি তৃণমূল কংগ্রেসের

সমালোচনা করছে।

অবশ্য সাংস্কৃতিক ব্যক্তিরা বলছেন, বর্ধমান উৎসবকে রাজনৈতিক রঙের ঊর্ধ্বে রাখা উচিত। একাংশের বাসিন্দারা আঘাত পাক এমন কোনো কিছু হওয়া উচিত নয়। কারণ এই উৎসব বর্ধমানবাসীর সকলের। তাই আগামী দিনে এ ব্যাপারে আয়োজকদের সতর্ক থাকতে হবে।

সূত্র : নিউজ১৮

স্ত্রী বেশি সফল হওয়ায় মন খারাপ হয় না রণবীরের

সাত বছর প্রেমের পর বিয়ে করে দু’বছরের দাম্পত্য জীবন রণবীর সিং ও দীপিকা পাড়ুকোনের। সম্প্রতি একটি সাক্ষাৎকারে জানিয়েছেন, এই কয়েক বছরে কোনও দিন তারা সম্পর্ক ছিন্ন করার কথা ভাবেননি। প্রয়োজন পড়েনি। দীপিকা যেন বুঝতে পেরেছিলেন, রণবীর সিংহই সেই মানুষ, যার সঙ্গে সারা জীবন কাটানো যায়। খবর আনন্দবাজার পত্রিকার।

মজার বিষয় হলো সাক্ষাৎকারে দীপিকা আরও জানান, যখন তাদের বিয়ে হয়েছিল, সেই সময়ে দীপিকা পাড়ুকোন এক জন অভিনেত্রী হিসেবে রণবীরের চাইতে অনেক বেশি সফল ছিলেন। রোজগারও তার বেশি ছিল। কিন্তু তা নিয়ে কোনও সমস্যা ছিল না রণবীরের। স্বামীকে যে নিজের স্ত্রীর থেকে বেশি রোজগার করতেই হবে, এমন পুরুষতান্ত্রিক ধারণায় বিশ্বাসী ছিলেন না অভিনেতা। কোনও দিন এ সব নিয়ে রণবীরের আত্মাভিমানে আঘাত লাগেনি।

এই বলিউড অভিনেত্রীর কথায়, স্বামীর থেকে আমি বেশি সফল অভিনেত্রী, তা নিয়ে রণবীরের কোনও দিন কোনও সমস্যা হয়নি। অকপটে সেই কথা সে স্বীকারও করে নেয়।

আমাদের সম্পর্কের ৭ বছর পেরিয়ে গেল। এই মুহূর্তে রণবীর যেই সাফল্যে পৌঁছেছে এবং যে পরিমাণ আয় ওর, সেটা সেই সময়ে ছিল না। এ

রকম বহু সময় গেছে, আমি কাজের ব্যস্ততায় বাড়ি ফিরতে পারছি না। কিন্তু তা নিয়ে একটা কথাও আমাকে শোনায়নি রণবীর। আর সে জন্যই আমাদের সম্পর্কটা এতটা অভিনব।

অ্যানিমলসের গিটারিস্ট হিলটন ভ্যালেন্টাইনের মৃত্যু

ব্রিটেনের জনপ্রিয় ব্যান্ড অ্যানিমলসের গিটারিস্ট হিলটন ভ্যালেন্টাইন (৭৭) আর নেই। স্থানীয় সময় শুক্রবার তার মৃত্যু হয়। হিলটন ভ্যালেন্টাইন ১৯৬৩ সালে গায়ক এরিক বার্ডন, চাস চ্যান্ডলার, অরগানিস্ট অ্যালান প্রাইস ও ড্রামার জন স্টিলের সঙ্গে মিলে গড়ে তুলেছিলেন অ্যানিমলস ব্যান্ডটি।

অ্যানিমলসের রেকর্ড লেবেল ABKCO Music ভ্যালেন্টাইনকে গিটার বাজিয়েদের মধ্যে অগ্রদূত আখ্যা দিয়ে বলেছে তিনি দশকের পর দশক ধরে রক অ্যান্ড রোলের জগতকে প্রভাবিত করেছেন এবং আগামীদিনগুলোতেও তার প্রভাব অব্যাহত থাকবে।

হিলটনের প্রতি শ্রদ্ধা জানিয়ে তার সহশিল্পী গায়ক এরিক বার্ডন ইনস্টাগ্রামে লিখেছেন, তুমি শুধু গিটার বাজাওনি, তুমি এর মধ্যে জীবন খুঁজে পেয়েছিলে! হিলটনের চলে যাওয়ার খবরে ব্যাথাতুর হয়ে পড়েছি। আমরা একসঙ্গে রোমাঞ্চকর সময় কাটিয়েছি। নর্থ শিল্ড (হিলটনের জন্ম স্থান) থেকে সারা বিশ্বে… রক ইন পিস।

প্রিয়াঙ্কা অস্কার পেলে সেটি

জোনাস পরিবারের কৃতিত্ব, দাবি নিকের

প্রিয়াঙ্কা চোপড়া জোনাস কি অস্কার পাচ্ছেন? এই প্রশ্নটা অনেকের মনেই উঁকি দিচ্ছে। তার উপরে অস্কারের সঙ্গে নায়িকার যোগাযোগ বেশ কয়েক বছরের পুরনো। ২০১৮ সালে যখন ৯০তম অ্যাকাডেমি অ্যাওয়ার্ডসের আসর বসেছিল, সেই সময়ে তা সঞ্চালনার ভূমিকায় ছিলেন প্রিয়াঙ্কা। তাছাড়া সেই ২০১৬ সাল থেকেই তাকে দেখা যাচ্ছে অস্কারের রেড কার্পেটে আর পরবর্তী পার্টিতে। এবার যদি সেই মঞ্চেই একটা পুরস্কার তার হাতে ওঠে, মন্দ হয় না।

ইতিমধ্যেই ছড়িয়ে পড়েছে জোর জল্পনা, অরবিন্দ আদিগার ‘দ্য হোয়াইট টাইগার’ নিয়ে তৈরি ওই একই নামের ছবি নাকি চলতি বছরের অ্যাকাডেমি অ্যাওয়ার্ডের নমিনেশন পেতে চলেছে। সেই সূত্রেই উঠে এসেছে প্রিয়াঙ্কার অস্কার পাওয়ার খবর। কিন্তু যদি সত্যিই তা ঘটে যায়, সেক্ষেত্রে ব্যাপারটাকে ভারতের গর্ব হিসেবে বিবেচনা করা যাবে নাব। কারণ ব্যাপারটি দেখতে হবে জোনাস পরিবারের কৃতিত্ব হিসেবে। প্রিয়াঙ্কা চোপড়ার স্বামী নিক জোনাসের নাকি এমনটাই দাবি। সম্প্রতি প্রিয়াঙ্কাই সেই কথা জানিয়েছেন সবাইকে।

খবর বলছে, প্রিয়াঙ্কা সম্প্রতি উপস্থিত ছিলেন জাস্ট জেয়ার্ডের পডকাস্ট শো ভ্যারাইটিজ অ্যাওয়ার্ডস সার্কিটে। সেখানে কথায় কথায় তিনি জানিয়েছেন যে অনুরাগীদের মতো তার স্বামীও এই সম্ভাবনা নিয়ে দারুণ উত্তেজিত। তিনি বলেছেন, প্রিয়াঙ্কাই হবেন জোনাস পরিবারের সেই প্রথম সদস্য যার হাতে অস্কার দেখা যেতে পারে।

আর এখান থেকেই ফের শুরু হয়ে গেছে সেই পুরনো বিতর্ক। আসলে ২০১৮ সালের ১ ডিসেম্বর যখন বিয়ে সেরেছিলেন এই নায়িকা, তখনও সোশ্যাল মিডিয়া হ্যান্ডেলে তার নামের সঙ্গে শুধু ভারতীয় পদবীটুকুই দেখা যেত। এরপর একদিন দেখা গেল পুরো নাম লিখছেন নায়িকা- প্রিয়াঙ্কা চোপড়া জোনাস। কানাঘুষোয় শোনা গিয়েছিল, নিক নাকি প্রিয়াঙ্কাকে এই কাজটা করতে একরকম বাধ্য করেছিলেন। বিয়ের পর প্রিয়াঙ্কা যে তাদের বাড়ির পদবী নিচ্ছেন না, সেটা তার ভালো লাগছিল না। সেটাতেই কি এত দিনে এসে সিলমোহর দিলেন নায়িকা।

গায়িকা হিসেবে আত্মপ্রকাশ করলেন চিত্রনায়িকা মুনমুন

চিত্রনায়িকা মুনমুন এবার গায়িকা হিসেবে আত্মপ্রকাশ করেছেন। তিনি বাউলা মাইয়া নামের একটি গানে কণ্ঠ দিয়েছেন। গানটি আজ বুধবার একটি ইউটিউব চ্যানেলে প্রকাশিত হয়েছে। গানের কথা লিখেছেন ওমর ফারুক ফারহান। সুর করেছেন জীবন ওয়াসিফ। সঙ্গীত পরিচালনা করেছেন রোহান রাজ। ভিডিও চিত্র পরিচালানায় ইয়ামিন ইলান।

গত ২৫ বছর ধরে চলচ্চিত্রের সঙ্গে যুক্ত আছেন মুনমুন। তার অভিনীত শতাধিক ছবি মুক্তি পেয়েছে। অ্যাকশন ধারার ছবিতে অভিনয় করে অল্পদিনেই দশকদের নজরে পড়েন তিনি।

১৯৯৬ সালে ‘মৌমাছি’ ছবির মাধ্যমে যুক্ত হয়েছিলেন চলচ্চিত্রে। এরপর এক এক করে ছবিতে কাজ করে গেছেন। ছোট বেলায় মুনমুন গায়িকা হওয়ার স্বপ্ন দেখতেন। কিন্তু তার সেই সুযোগ হয়ে উঠছিল না। অবশেষে ‘বাউলা মাইয়া’ গানের মাধ্যমে তার সেই স্বপ্নপূরণ হলো।

মুনমুন গানটি গাওয়ার পর প্রথমবারের মতো নিজের গানে নিজে ঠোঁট মিলিয়ে ভিডিও দৃশ্য অভিনয় করেন।

মুনমুন বলেন, ‘এতোদিন অন্য শিল্পীর গাওয়া গানে আমি ঠোঁট মিলিয়ে অভিনয় করেছি। এবার নিজের গাওয়া গানে নিজেই ঠোঁট মেলানোতে অন্যরকম অনুভূতি হয়েছে।’ তিনি আরও বলেন, ‘প্রথমবারের মতো গান গেয়েছি। শ্রোতা দর্শকদের যদি ভাল লাগে আরও গাওয়ার আশা রাখছি।’